



যৌন নির্যাতন

অস্ট্রেলিয়াতে কাউকে যৌন নির্যাতন করা বেআইনী।

নারী-পুরুষ নির্বিশেষে একজন যৌন নির্যাতনকারী ব্যক্তি কারাগারে যেতে পারেন।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাপন্ন হলে **000** নম্বরে পুলিশকে কল করুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও তথ্যের জন্য **1800 737 732** নম্বরে 1800RESPECT-এ ফোন করুন।

আপনার বিনামূল্যে দোভাষী প্রয়োজন হলে **131 450** নম্বরে ফোন করুন।

অস্ট্রেলীয় সরকার কোন অবস্থাতেই যৌন নির্যাতন সহ্য করে না।

যৌন নির্যাতন অন্য ব্যক্তির সম্মতি ছাড়া তার উপর পরিচালনা করা হয়। সঙ্গী, স্বামী/স্ত্রী বা পরিবারের কোনো সদস্যের দারা যৌন নির্যাতন আইন-বিরোধী।

যৌন নির্যাতনের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- জোরপূর্বক কারো সাথে যৌনকর্ম অথবা যৌন সম্পর্কিত ক্রিয়া সম্পন্ন করা;
- কাউকে জোরপূর্বক নীলছবি (পর্ণোগ্রাফি) দেখানো; অথবা
- কোন শিশুর সাথে যৌনকর্ম অথবা যৌন সম্পর্কিত ক্রিয়া সম্পন্ন করা।

নারীর আছে পুরুষদের সমান অধিকার।

অস্ট্রেলীয় আইন নারী ও পুরুষকে সমানভাবে দেখে।

প্রত্যেকেরই তাদের পরিবার, বন্ধুবান্ধব এবং প্রিয়জনদের সাথে ইতিবাচক এবং নিরাপদ সম্পর্ক রক্ষার অধিকার আছে। সহিংসতা কখনো গ্রহণযোগ্য নয়। কাউকে খারাপ আচরণ বা ক্ষতি মেনে নিতে হবে না।

সাহায্য করার জন্য অস্ট্রেলিয়াতে সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সেবা আছে।

1800RESPECT হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's national sexual assault, family and domestic violence counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

1800 737 732 নম্বরে ফোন করুন বা **1800RESPECT** এর ওয়েবসাইট **www.1800RESPECT.org.au**-এ যান।

আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

131 450 নম্বরে **অনুবাদ এবং দোভাষী সেবায়** (টিআইএস) (**Translating and Interpreting Service, TIS**) ফোন করুন। TIS-এর একজন দোভাষী আপনাকে অন্যান্য সেবার সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে, তবে TIS কোনো পরামর্শ প্রদান করে না। সমস্ত ফোন কল বিনামূল্যে করা যায় এবং সেগুলো গোপনীয় রাখা হয়।